স্থানীয় সরকার বিভাগ

# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
# বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭।

www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং: ৪৬.১৮.০০০০.০০৩.০৪.১৭.১৯.৪৭১ তারিখ ঃ ৩০/০৫/২০২২ খ্রি.

বিষয়: বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্পের আওতায় অভিজ্ঞতা বিনিময় সফরে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প' এর আওতায় বাংলাদেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদের ভালো শিখন/উত্তম চর্চাগুলো চিহ্নিত করা হয়েছে। চিহ্নত ভালো শিখন/উত্তম চর্চাগুলো সম্পর্কে সরাসরি অভিজ্ঞতা অর্জন ও পরবর্তীতে সেগুলো নিজ এলাকায় রূপায়ন/বাস্তবায়নের লক্ষ্যে আগামী ০২-০৪ জুন, ২০২২ খ্রি. ৩ (তিন) দিন মেয়াদে সাতক্ষীরা জেলার সদর উপজেলার ব্রক্ষরাজপুর ইউনিয়ন পরিষদে "পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় সফর" আয়োজন করা হয়েছে। এ লক্ষ্যে এনআইএলজি'তে অনুষ্ঠিত বুনিয়াদী প্রশিক্ষণে ভলো ফলাফল অর্জনকারী বিশেষতঃ পারস্পরিক শিখন কার্যক্রমে (এইচএলপি) আগ্রহী ২০জন প্রশিক্ষণার্থী, এনআইএলজি'র যুগ্মপরিচালক (গবেষণা, পরিকল্পনা ও এইচএলপি বিভাগ) জনাব মো: আবদুল খালেক, এনআইএলজি'র ১জন কর্মকর্তা এবং প্রকল্প কার্যালয়ের ৩জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। অভিজ্ঞতা বিনিময় সফরের ধারণাপত্রসহ সূচী অত্রসাথে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, উক্ত অভিজ্ঞতা বিনিময় সফরে নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের সচিববৃন্দকে অংশগ্রহণ এবং সুষ্ঠু বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। অভিজ্ঞতা বিনিময় সফর সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহকারী প্রকল্প পরিচালক জনাব মো: ইমরানু রহমান এর সাথে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০১৭২৬৪৬৪৭০৭)।

স্বা:-

সংযুক্তি: বর্ণনামতে (৫ পাতা)

মো: ইসরাত হোসেন খান
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক
এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
ফোন: ০১৬৭৩৯৯৬৪৯৯

চেয়ারম্যান,
ব্রক্ষরাজপুর ইউপি, আলিপুর ইউপি, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা / টেকনাফ সদর ইউপি, টেকনাফ, কক্সবাজার / খুরুশকুল ইউপি, পোকখালী ইউপি, ভারুয়াখালী ইউপি কক্সবাজার সদর, কক্সবাজার / কুর্শা ইউপি, কাউনিয়া, রংপুর / গংগাচড়া ইউপি, গংগাচড়া, রংপুর / জায়লস্কর ইউপি, দাগনভূঞা, ফেণী / উলপুর ইউপি, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ / ঘাটাইল ইউপি, ঘাটাইল, টাঙ্গাইল / গোহালাকান্দা ইউপি, পূর্বধলা, নেত্রকোণা / তিনটহরী ইউপি, মানিকছড়ি, খাগড়াছড়ি / সুরখালী ইউপি, বটিয়াঘাটা, খুলনা / লাইডোব ইউপি, দাপকোপ, খুলনা / নূরনগর ইউপি, শ্যামনগর, সাতক্ষীরা / রাউজান ইউপি, রাউজান, চট্টগ্রাম / মোহাম্মদপুর ইউপি, পাঁচবিবি, জয়পুরহাট / পঞ্চকরণ ইউপি, মোড়েলগঞ্জ, বাগেরহাট / দাকোপ ইউপি, দাকোপ, খুলনা / দিঘলিয়া ইউপি, দিঘলিয়া, খুলনা জেলা।

নং: ৪৬.১৮.০০০০.০০৩.০৪.১৭.১৯.৪৩২/১(৪০) তারিখ ঃ ২৪/০৩/২০২২ খ্রি.

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, এনআইএলজি, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২) পরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি, ঢাকা।
৩) পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও এইচএলপি), এনআইএলজি, ঢাকা।
৪) পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), এনআইএলজি, ঢাকা।
৫) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা / কক্সবাজার / রংপুর / খাগড়াছড়ি / গোপালগঞ্জ / ফেণী / টাঙ্গাইল / নেত্রকোণা / খুলনা / চট্টগ্রাম / জয়পুরহাট / বাগেরহাট জেলা।
৬) জনাব শিরিন লিরা, প্রেগ্রাম ম্যানেজার, সুইজারল্যান্ড দুতাবাস বাংলাদেশ।
৭) হোস্টেল সুপার, এনআইএলজি, ঢাকা (১২ জন অংশগ্রহণকারীর ০১/০৬/২০২২ ইং তারিখ এবং ০৪/০৬/২০২২ ইং তারিখে এনআইএলজি হোস্টেল ভবনে আবাসিক ব্যবস্থার অনুরোধসহ)।
৮) ফোকাল কর্মকর্তা, এইচএলপি, ব্রেকিং দ্য সাইলেন্স (বিটিএস), ঢাকা (১জন কর্মকর্তা মাঠ পর্যায়ে এবং ১জন কর্মকর্তা প্রধান কার্যালয় থেকে অংশগ্রহণের অনুরোধসহ)
৯) অফিস কপি।

Minika 30/05/2022
মনিকা মিত্র
উপপ্রকল্প পরিচালক
এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
ফোন: ০১৯২২২৮৭৫৮৩

স্থানীয় সরকার বিভাগ

# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

## বাংলাদেশে পারস্পরিক শিখন প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭।

www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
## বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী ইউপি সচিবগণের জন্য অভিজ্ঞতা বিনিময় সফর -৪র্থ ব্যাচ

## অংশগ্রহণকারীগণের তালিকা

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**ক. ইউনিয়ন পরিষদ সচিব**

| ক্র. ন. | নাম ও ঠিকানা | ইউনিয়ন পরিষদ | উপজেলা | জেলা | ব্যাচ নং | মেধা তালিকা | মোবাইল নং |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মাঈন উদ্দিন | জায়লস্কর | দাগনভূঞা | ফেণী | ৬৪ | ২য় | ০১৬৮৫২১৩১০০ |
| ২ | মো: খোরশেদ আলম | ঘাটাইল | ঘাটাইল | টাঙ্গাইল | ৫২ | শ্রেষ্ঠ সচিব | ০১৩১৮২৫৫৪৩৭ |
| ৩ | মো: শহিদুল আলম | গোহালাকান্দা | পূর্বধলা | নেত্রকোণা | ৫৩ | ৩য় | ০১৯২৫৩১৩৫৩৪ |
| ৪ | মো: সুমন মিয়া | তিনটহরী | মানিকছড়ি | খাগড়াছড়ি | ৫৫ | ৩য় | ০১৫৩১১৬৪৪১৮ |
| ৫ | ধীমান মল্লিক | সুরখালি | বটিয়াঘাটা | খুলনা | ৬০ | শ্রেষ্ঠ সচিব | ০১৭১৪ ৯০৪৬২৪ |
| ৬ | গোবিন্দ রায় | লাউডোব | দাকোপ | খুলনা | | ২য় | ০১৭৪৯০০০১১৭ |
| ৭ | মো: আবু হেনা ইবনে জহির | নূরনগর | শ্যামনগর | সাতক্ষীরা | | ১ম | ০১৭২১-১২৬৩৭১ |
| ৮ | শরিফুল ইসলাম | আলিপুর | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | ৬৭ | ২য় | ০১৭১২৯৮০৩৮৯ |
| ৯ | বাবলা বড়ুয়া | রাউজান | রাউজান | চট্টগ্রাম | | ২য় | ০১৮১৬৫১৫১৫৪ |
| ১০ | বিপ্লব সরকার | মোহাম্মদপুর | পাঁচবিবি | জয়পুরহাট | ৬৩ | ১ম | ০১৭৩৮১৬১৭৯৭ |
| ১১ | শুভ কান্তি দে | ভারুয়াখালী | কক্সবাজার সদর | কক্সবাজার | ৫০ | ৩য় | ০১৮১৪১১০৪৪৮ |
| ১২ | সারওয়ার কামাল | টেকনাফ সদর | টেকনাফ | কক্সবাজার | ৪২ | | ০১৮১৪৭৭০৭৭৮ |
| ১৩ | এনামুল হক | খুরুশকুল | কক্সবাজার সদর | কক্সবাজার | ৪২ | | ০১৭৪০৮০২৫৮১ |
| ১৪ | নুরুল কাদের | পোকখালী | কক্সবাজার সদর | কক্সবাজার | ১২ | | ০১৭১৫১৯৮৪১৬ |
| ১৫ | আবদুস সাত্তার | কুর্শা | কাউনিয়া | রংপুর | ৪২ | | ০১৭১২৪১৩৮৯৭ |
| ১৬ | আবদুল মোন্নাফ | গংগাছড়া সদর | গংগাছড়া | রংপুর | ৪২ | | ০১৭১২৫৫৪৮০০ |
| ১৭ | গৌতম কুমার বসু | পঞ্চকরণ | মোড়েলগঞ্জ | বাগেরহাট | ৩৯ | | ০১৭১৮০১৫৬৭৪ |
| ১৮ | প্রদীপ কুমার সাহা | দাকোপ | দাকোপ | খুলনা | ৩৬ | | ০১৯১৩২৬৭০১৯ |
| ১৯ | সিদ্ধার্থ শঙ্কর ব্যানার্জী | দিঘলিয়া | দিঘলিয়া | খুলনা | ৪৪ | শ্রেষ্ঠ সচিব | ০১৭০০৯৫০৪৭৮ |

স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
বাংলাদেশে পারস্পরিক শিখন প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭।
www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
## বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী ইউপি সচিবগণের জন্য অভিজ্ঞতা বিনিময় সফর-৪র্থ ব্যাচ

## অংশগ্রহণকারীগণের তালিকা

**খ. প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ) এবং ব্রেকিং দ্য সাইলেন্স (বিটিএস) এর কর্মকর্তা**

| ক্র. ন. | নাম ও ঠিকানা | মোবাইল নং |
|---|---|---|
| ১) | জনাব মো: ইমরানুর রহমান<br>সহকারী প্রকল্প পরিচালক | 01726464707 |
| ২) | জনাব এ.বি.এম ওবায়দুল হক<br>ফিন্যান্স এসোসিয়েট | 01914972109 |
| ৩) | জনাব এস. এম. রুহুল আবরার<br>লার্নিং এন্ড এডভোকেসী এসোসিয়েট | 01754221110 |
| ৪) | বিটিএস কর্মকর্তা (২-৩ জন), সাতক্ষীরা সদর, সাতক্ষীরা | - |
| ৫) | গাড়ি চালক, এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, এনআইএলজি, ঢাকা | |

Monika

## বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প
## বুনিয়াদি প্রশিক্ষণ প্রাপ্ত ইউপি সচিবগণের জন্য অভিজ্ঞতা বিনিময় সফর-ধারনাপত্র

### এইচএলপি সম্পর্কে ঃ

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার ৭ম অধ্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ এবং পল্লী উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অধিকতর শক্তিশালীকরণ, এবং বাস্তবসম্মত করার প্রয়াসে সময়ে সময়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হলেও মেয়াদান্তে ঐ সকল প্রকল্পের ভালো শিখনসমূহ হারিয়ে যায়। একমাত্র পারস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো **"নন্দিত অনুসন্ধান"** এর মাধ্যমে উপযুক্ততা অনুযায়ী নিজস্ব বাজেটে অন্তর্ভুক্ত করে নিজ নিজ এলাকায় স্ব-উদ্যোগে বাস্তবায়ন করতে সচেষ্ট হয়। ফলে বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত থাকে।

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প একটি ফলাফল ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম, যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে এবং সুইজারল্যান্ড সরকার এর আর্থিক সহায়তায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রশংসা করা **(Appreciation),** সংযোগ স্থাপন **(Connection)**, খাপ খাওয়ানো **(Adaptation)** এবং রূপায়ন **(Replication)** অর্থাৎ **(A CAR)** নীতি অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরস্পরের সাথে সংযুক্ত হওয়ার মাধ্যমে ভালো শিখনসমূহ রেকর্ডভুক্ত করে যা পরবর্তিতে নীতি নির্ধারকগণের সামনে উপস্থাপন করাসহ সংশ্লিষ্ট বিধি/পরিপত্র প্রণয়ন প্রক্রিয়াকে সহজতর করে।

ব্যতিক্রমধর্মী ও Innovative এ কার্যক্রমটি বাংলাদেশে ২০০৭ সালে প্রথম স্থানীয় সরকার বিভাগ, বিশ্ব ব্যাংক এবং সুইজারল্যান্ড এর সহযোগিতায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থার সমন্বয়ে যাত্রা শুরু করে। উত্তরোত্তর এর সাফল্য দেখে **ভারত, ইরান, কম্বোডিয়া, ভুটান, নেপাল, ভিয়েতনাম, সুদান, মঙ্গোলিয়া, শ্রীলংকা, রুয়ান্ডা** ইত্যাদি দেশ থেকে পরস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) সম্পর্কে ধারনা গ্রহণ এবং পরিদর্শনে বিভিন্ন প্রতিনিধি নিয়মিত আগমন করছেন। সর্বশেষ গত ১৩-২০ আগস্ট, ২০১৮ তারিখে Kerala Institute of Local Administration (KILA) এর ১৪ জন সিনিয়র অনুষদ-সদস্য এইএচএলপি পরিদর্শন করেন এবং এনআইএলজিসহ মাঠপর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নকারী ইউনিয়ন পরিষদরে নিকট থেকে পূর্ণ ধারণা নিয়ে স্ব-স্ব কর্মক্ষেত্রে রূপায়ণ/বাস্তবায়ন শুরু করেছেন।

### এইচএলপি কার্যক্রমের পটভূমি ঃ

২০০৭ সাল থেকে শুরু করে এ পর্যন্ত প্রায় ১২ মিলিয়ন ডলার সমতুল্য অর্থ বিভিন্ন ইউনিয় পরিষদ তাদের বাজেটে অন্তর্ভুক্তির মাধ্যমে ভালো শিখন কার্যক্রমে ব্যয় করেছে। এসকল ভালো শিখনের মধ্যে প্রায় ১৭৪টি ভালো শিখন বিভিন্ন পর্যায়ে বাস্তবায়িত হয়েছে। এগুলোর মধ্য থেকে ২৪টি ভালো শিখন 'উত্তম চর্চা' হিসেবে সর্বাধিক স্থানে বাস্তবায়িত হয়েছে (ইউনিয়ন পরিষদ পর্যায়ে কোন একটি ভালো শিখন নূন্যতম ৫০ টি স্থানে পুন:বাস্তবায়ন/চর্চা করা হলে তাকে 'উত্তম চর্চা' বা Best Practice হিসেবে চিহ্নিত করা হয়)। এসকল ভালো শিখনগুলো থেকে প্রায় ২০ মিলিয়ন নাগরিক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে উপকৃত হয়েছে। এছাড়াও এ ২৪টি উত্তম চর্চাগুলো নিয়ে জেলা পর্যায়ে থিমেটিক কর্মশালার মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের নীতি নির্ধারক মহলে উপস্থাপন ও আলোচনা করা হলে এগুলোর মধ্য থেকে ৩টি সর্বত্তোম চর্চা পরিপত্র হিসেবে জারী হয়েছে এবং ১টি সর্বত্তোম চর্চা পলেসি এডভোকেসি নোট প্রকাশ পেয়েছে যেমন: ক) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) খ) প্রতিবন্ধী বান্ধব ইউনিয়ন পরিষদ গ) প্রতিবন্ধী বান্ধব পৌরসভা এবং ঘ) আর্সেনিক দূরীকরণে বাস্তবায়ন পরিকল্পনা (পলেসি এডভোকেসি নোট)।

এইচএলপি কার্যক্রমটি গতানুগতিক প্রকল্পের থেকে ব্যতিক্রধর্মী এবং অভিনব একটি প্রক্রিয়া। কারণ, এ কার্যক্রমটি বিভিন্ন প্রকল্প/কর্মসূচী থেকে ভালো শিখন/উদাহরণগুলো চিহ্নিত করে প্রকল্প সমাপ্তির পর স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নিজস্ব বাজেটের মাধ্যমে বাস্তবায়ন করতে সহায়তা প্রদান করে। এ পদ্ধতিতে ভালো শিখন/উদাহরণগুলো বাস্তবায়নে খরচ ও সময় সাশ্রয় হয় এবং স্থানীয় বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ও তাদের কর্মীদের সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে। উদাহরণ স্বরূপ, জাইকা-জিওবি প্রকল্প যশোরের ২টি উপজেলায় ২ বছরে ৫২০০টি নলকূপের আর্সেনিক পরীক্ষা করে। এ ভালো শিখনটি এইচএলপি'র মাধ্যমে চিহ্নিত হয়। প্রকল্পটি সমাপ্তির পরবর্তী ২ বছরে ৫৪টি ইউপি নিজ প্রচেষ্টায় এবং নিজস্ব অর্থায়নে ৮৫,০০০টি নলকূপের আর্সেনিক পরীক্ষা সম্পন্ন করে যা এলজিডি ও বিভিন্ন দাতাসংস্থা দ্বারা প্রশংসিত হয়েছে। এসকল কারণেই এ কার্যক্রমকে ব্যতিক্রমধর্মী ও Innovative বলা হয়েছে।

বিগত দিনে বাস্তবায়িত পারস্পরিক শিখন কর্মসূচীর মূল উদ্দেশ্য ছিল 'নন্দিত অনুসন্ধানের ভিত্তিতে সমসাথী শিখন প্রক্রিয়ার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা'। এ লক্ষ্যে বিভিন্ন সহযোগী সংস্থা তাদের কর্ম এলাকার সবচেয়ে এগিয়ে থাকা উপজেলাকে এ কর্মসূচিতে অন্তর্ভূক্ত করার মাধ্যমে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ইউনিয়ন পরিষদের ভালো শিখন চিহ্নিতকরণ এবং ডকুমেন্টেশনের কাজটি সম্পন্ন হয়। এ কার্যক্রম নির্দিষ্ট সংখ্যক ইউনিয়ন পরিষদগুলোকে তাদের সমসাথীদের নিকট থেকে (অন্যান্য ইউনিয়ন পরিষদ) ভালো শিখন সম্পর্কে শেখা এবং ঘনিষ্ট সহযোগীতার মাধ্যমে নিজ এলাকায় রূপায়ন/বাস্তবায়নের সুযোগ করে দেয়। পরবর্তীতে ইউনিয়ন পরিষদগুলো নিজেদের ভালো শিখনসমূহ সূচকসহ চিহ্নিত করে যা সহযোগী সংস্থা এবং অন্যান্য ইউনিয়ন পরিষদের প্রতিনিধিগণ যাচাই করে থাকে; অন্যান্য ইউনিয়ন পরিষদ তাদের এলাকা এবং জনগণের চাহিদাকে বিশ্লেষণ করত: উপযুক্ত ভালো শিখনগুলো পরিদর্শন করে। পরবর্তীতে বাছাইকৃত ভাল শিখনগুলো নিজ নিজ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের এলাকায় (ইউনিয়ন/পৌরসভা) নাগরিকদের সঙ্গে আলোচনা করে বার্ষিক পরিকল্পনা এবং বাজেটে অর্ন্তভুক্ত করার মাধ্যমে নিজস্ব সম্পদ ব্যবহার করে বাস্তবে রুপায়ন করে যা অত্যন্ত উৎসাহ ব্যাঞ্জক। এভাবে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, পানি সরবরাহ, স্যানিটেশন, স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য নাগরিক সেবা সম্পর্কিত ভালো শিখনসমূহ রেকর্ডভুক্ত হয়।

**<u>বাংলাদেশে পরস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প ঃ</u>**

- **মূল উদ্দেশ্য:**

পারস্পরিক শিখন কর্মসূচী হচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত ফলাফল ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম। এই কর্মসূচীর মূল উদ্দেশ্য হচ্ছে ভালো শিখনসমূহ প্রাতিষ্ঠানীকীকরণের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অধিকতর সক্ষম করে গড়ে তোলা, যাতে নিজেদের মধ্যে ভালো শিখনসমূহ চিহ্নিত, বিনিময় এবং বাস্তবায়ন করতে পারে।

- **সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

১) এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ এবং এনআইএলজি'র সহায়তায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো চিহ্নিতকরণ ও বিশ্লেষণ করে সংশ্লিষ্ট আইন/বিধি/পরিপত্র/নীতমালা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

২) সার্বিকভাবে এইচএলপি কার্যক্রমের মূল্যায়ণ এবং মান নিয়ন্ত্রণের মধ্য দিয়ে বিশেষ করে সমাজের দরিদ্র এবং পিছিয়ে থাকা জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্ন উদ্যোগের স্বচ্ছতা এবং জবাবদিহি নিশ্চিত করবে।

৩) প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন পরিষদের ন্যাশনাল বেসিক ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওয়ার্ক এর পুণঃপর্যালোচনা এবং আপডেট করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হবে যা পরবর্তিতে স্থানীয় সরকার ব্যবস্থার সকল স্তরের প্রতিষ্ঠানগুলোর জন্য প্রযোজ্য হবে।

**প্রকল্প বাস্তবায়ন মেয়াদ:** অক্টোবর, ২০১৮ থেকে সেপ্টেম্বর, ২০২২ খ্রি. (৪ বছর)

**কর্মপরিকল্পনা:** ৩৯টি জেলার আওতায় ২০৪টি উপজেলাস্থ মোট ১৫০টি পৌরসভা এবং ১৯৩৮টি ইউনিয়ন পরিষদে পরস্পরিক শিখন কার্যক্রম পরিচালনা করা হবে (সংশোধিত টিএপিপি অনুযায়ী)।

**প্রকল্পর এলাকা (সংশোধিত টিএপিপি প্রস্তাবনা অনুযায়ী):**

রংপুর বিভাগ : রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, পঞ্চগড় ও গাইবান্ধা।

রাজশাহী বিভাগ : পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ।

সিলেট বিভাগ : মৌলভিবাজার ও সুনামগঞ্জ।

চট্টগ্রাম বিভাগ : বি.বাড়িয়া, কুমিল্লা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবন, খাগড়াছড়ি ও কক্সবাজার।

ঢাকা বিভাগ : ফরিদপুর, গোপালগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, নরসিংদি, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ ও টাঙ্গাইল।

খুলনা বিভাগ : খুলনা, সাতক্ষীরা, মেহেরপুর, বাগেরহাট, যশোর ও মাগুরা।

বরিশাল বিভাগ : বরিশাল, পটুয়াখালী ও বরগুনা।

ময়মনসিংহ বিভাগ : ময়মনসিংহ, শেরপুর ও জামালপুর।

**প্রকল্পের সহযোগী সংস্থাসমূহ:**

**(১)** ব্রেকিং দ্য সাইলেন্স,

**(২)** হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশ,

**(৩)** প্রিপ ট্রাস্ট,

**(৪)** সুশীলন এবং

**(৫)** ওয়াটার এইড বাংলাদেশ ও ওয়াটার এইড এর **১৩**টি সহায়ক সংস্থা:

(ক) সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট-সিডিডি, (খ) গ্রীণহিল, ঢাকা আহ্‌সানিয়া মিশন, (গ) এসকেএস ফাউন্ডেশন, (ঘ) রূপান্তর, (ঙ) সাজেদা ফাউন্ডেশন, (চ) দাসকোহ, (ছ) ইকো সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, (জ) ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট অ্যাফেয়ার্স-আইডিইএ, (ঝ) নাবলক পরিষদ, (ঞ) বাসা, (ট) ভার্ক, (ঠ) এশিয়া আর্সেনিক নেটওয়ার্ক, (ড) মাহিদেব যুব সমাজ কল্যাণ সোসাইটি)।

**অভিজ্ঞতা বিনিময় সফরের সুনির্দিষ্ট উদ্দেশ্য ঃ**

- পারস্পরিক শিখন কর্মসূচী এবং এর ধাপসমূহ সম্পর্কে অংশগ্রহণকারীগণকে সুস্পষ্ট ধারনা প্রদান;
- বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্পের মূল উদ্দেশ্য এবং লক্ষ্য সম্পর্কে ধারনা প্রদান;
- উপজেলা/নেটওয়ার্ক কর্মশালায় চিহ্নিত ভালো শিখন/উত্তম চর্চাগুলো সরেজমিন পরিদর্শন;
- ভালো শিখন/উত্তম চর্চাগুলোর তথ্যপত্র সংগ্রহ (বাস্তবায়নের সময়কাল, উপকারভোগীর সংখ্যা, অর্থের উৎস, পরিধি ও বাস্তবায়ন/রূপায়ণের ব্যপকতা, বর্তমান অবস্থা, ইত্যাদি);
- স্ব-স্ব ইউনিয়ন পরিষদের পরবর্তী মাসিক সভায় অভিজ্ঞতা বিনিময় সফর সংক্রান্ত আলোচনা এবং নিজ ইউপিতে ভালো শিখন/উত্তম চর্চাগুলো রূপায়ন/বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন;
- পরবর্তী অর্থবছরে ভালো শিখন/উত্তম চর্চাগুলো রূপায়ন/বাস্তবায়নের জন্য বাজেটে অন্তর্ভূক্তি/পরিকল্পনা গ্রহণ;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে (ইউনিয়ন পরিষদ / পৌরসভা) ‘পারস্পরিক শিখন কর্মসূচি’ প্রাতিষ্ঠানিকীকরণে একটি সমন্বিত কর্ম-পরিকল্পনার খসড়া প্রণয়ন।

## ইউপি সচিবগণের জন্য আয়োজিত অভিজ্ঞতা বিনিময় সফরের কাঙ্খিত ফলাফল ঃ

প্রতিটি ইউনিয়ন পরিষদ সরেজমিন পরিদর্ষনকৃত ভালো শিখন/উত্তম চর্চাগুলো থেকে নিজস্ব অবস্থান এবং অবস্থার ভিত্তিতে নিজ ইউপিতে সেগুলো রূপায়ন/বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন করবে। পরবর্তী অর্থবছরে ভালো শিখন/উত্তম চর্চাগুলো রূপায়ন/বাস্তবায়নের জন্য বাজেটে অন্তর্ভূক্তিসহ একটি সমন্বিত কর্ম-পরিকল্পনার খসড়া প্রণয়ন করবে।

## ভালো শিখন নির্বাচনে সূচকসমূহ ঃ

- ✓ সঠিক তথ্য উপাত্ত দ্বারা প্রমানীত হতে হবে।
- ✓ Social Recognition/Acceptance থাকতে হতে হবে।
- ✓ কাজটির মধ্যে নতুনত্ব থাকতে হবে।
- ✓ কাজটি টেকসই হতে হবে এবং তা নিশ্চিত করতে হবে।
- ✓ নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করতে হবে।
- ✓ কাজটি হবে অধিকতর জনকল্যানকমূলক।
- ✓ কাজটি অনুসরণ বা অনুকরন যোগ্য হতে হবে।
- ✓ ভাল শিখনের ২টি দিক থাকতে হবে-
  - ক) এটি কর্মভিত্তিক হতে পারে।
  - খ) এটি পদ্ধতি বিষয়ক হতে পারে।
- ✓ এর সুনির্দিষ্ট লক্ষ্য, উদ্দেশ্য এবং পরিমাপযোগ্য সূচক থাকতে হবে।
- ✓ এটি অর্ন্তভূক্তিমূলক এবং অংশগ্রহন মূলক হতে হবে।
- ✓ এটি বেসরকারী বা ব্যক্তিগত হতে পারে যা অনুসরণযোগ্য।
- ✓ এটি প্রাতিষ্ঠানিকীকরণ করার যোগ্য হতে হবে।
- ✓ এটি আরও উন্নত করার সুযোগ থাকতে হবে।
- ✓ এটি প্রচলিত কাজের উন্নতি সাধনের বিষয়েও হতে পারে।
- ✓ এটি অবশ্যই ফলভিত্তিক (Result Based) হতে হবে।

## অভিজ্ঞতা বিনিময় কর্মশালাতে অনুসরণীয় নীতিমালা ঃ

- নন্দিত অনুসন্ধান নীতি মেনে চলা;
- নেতিবাচক বাক্য এবং ধারনা পরিহার করা;
- ভালো শ্রোতা হওয়া;
- খোলা মনে অংশগ্রহন করা;
- পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল থাকা;
- প্রয়োজনে পরস্পরকে সহায়তা করা;
- ভবিষ্যত কার্যক্রমে সহায়তায় প্রতিশ্রুতিবদ্ধ হওয়া।

---------------- সমাপ্ত ----------------

ব্রেকিং দ্য সাইলেন্স · HELVETAS BANGLADESH · Shushilan · WaterAid · BASA · Centre for Disability in Development · Asia Arsenic Network · DASCOH · IDEA · NABOLOK · রূপান্তর RUPANTAR · SAJIDA FOUNDATION · SKS · VERC

স্থানীয় সরকার বিভাগ

# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

# বাংলাদেশে পারস্পরিক শিখন প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭।

www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## অভিজ্ঞতা বিনিময় সফর (৪র্থ ব্যাচ)

**সম্ভব্য সূচিঃ**

| সময় | বিবরণ/কর্মকান্ড | দায়িত্ব |
|---|---|---|
| **০১/০৬/২০২২ তারিখ (বুধবার)** | | |
| ০৭:০০ - ০৮:০০ (রাত) | এনআইএলজি-তে স্বাগতম | প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট |
| | অভিজ্ঞতা বিনিময় সফরের প্রস্তুতি গ্রহণ | |
| | কর্মপরিকল্পনা পর্যালোচনা | |
| **০২/০৬/২০২২ তারিখ (বৃহস্পতিবার)** | | |
| ০৮:০০-০৮:৩০ (সকাল) | সাতক্ষীরা এর উদ্দেশ্যে রওনা | সকল অংশগ্রহণকারীগণ |
| ০৫:০০-০৬:০০ (বিকাল) | সাতক্ষীরা সদর উপজেলাস্থ আবাসিক হোটেলে আগমন | |
| ০৭:০০-০৭:৩০ | প্রকল্পের কার্যক্রম সম্পর্কে ধারনা প্রদান | ফিন্যান্স এসোসিয়েট |
| ০৭.৩০ - ০৭.৫০ | অভিজ্ঞতা বিনিময় সফর সম্পর্কে ধারনা প্রদান (উদ্দেশ্য ও ফলাফল আলোচনা) | লার্নিং ও এডভোকেসি এসোসিয়েট |
| ০৮:১০ - ০৮:৩০ | অভিজ্ঞতা বিনিময় সফরের কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা | সহকারী প্রকল্প পরিচালক |
| ০৮:৪০ -০৯:৩০ | নৈশ্যভোজ এবং বিশ্রাম | অংশগ্রহণকারীগণ |
| **০৩/০৬/২০২২ তারিখ (শুক্রবার)** | | |
| ০৯:০০ -১০:০০ | সদর উপজেলাস্থ ব্রক্ষরাজপুর ইউনিয়ন পরিষদ গমণ | অংশগ্রহণকারীগণ |
| ১০:০০ -১১:০০ | ইউনিয়ন পরিষদের সাথে এইচএলপি কার্যক্রম এবং অভিজ্ঞতা বিনিময় সফরের উদ্দেশ্য ও ফলাফাল বর্ণনা | অংশগ্রহণকারীগণ |
| ১২:০০ -০১:০০ | ভালো শিখন/উত্তম চর্চা সরেজমিন পরিদর্শন | অংশগ্রহণকারীগণ |
| ০১:০০ -০২:০০ | নামাজ ও মধ্যাহ্নভোজ বিরতি | |
| ০২:০০ -০৩:০০ | ইউনিয়ন পরিষদের ভালো শিখনের উপর তথ্য-উপাত্ত সংগ্রহ | অংশগ্রহণকারীগণ |
| ০৩:০০-৫:০০ | আবাসিক হোটেলের উদ্দেশ্যে রওনা ও রাত্রিযাপন | |
| **০৪/০৬/২০২২ তারিখ (শনিবার)** | | |
| ০৯:০০ -০৫:০০ | এনআইএলজি-তে আগমন এবং রাত্রিযাপন | অংশগ্রহণকারীগণ |
| **০৫/০৬/২০২২ তারিখ (রবিবার)** | | |
| ০৯:০০ -০৫:০০ | নিজ ইউপি'র উদ্দেশ্যে আগমন এবং রাত্রিযাপন | অংশগ্রহণকারীগণ |